লেন্স এশিয়া
২৭ জুলাই, ২০২৬

# ছয় মাসে গণমাধ্যমে ৬৮১ ভুল প্রতিবেদন শনাক্ত: রিউমর স্ক্যানার




ছবি: সংগৃহীত

চলতি বছরের জানুয়ারি থেকে জুন পর্যন্ত দেশের ১৭৭টি গণমাধ্যমে প্রকাশিত ৬৮১টি প্রতিবেদনে ভুল তথ্যের প্রমাণ পেয়েছে রিউমর স্ক্যানার। সংস্থাটির পর্যালোচনায় এ সময়ে মোট ১৪৬টি ঘটনায় গণমাধ্যমে ভুল তথ্য ছড়ানোর বিষয়টি শনাক্ত করা হয়েছে।

রিউমর স্ক্যানারের তথ্য অনুযায়ী, মার্চ ও জুন মাসে ভুল তথ্য প্রচারের হার ছিল সবচেয়ে বেশি। দুই মাসেই ৩৪টি করে ঘটনায় ভুল তথ্য শনাক্ত হয়েছে, যা মোট ঘটনার ২৩ শতাংশ। এপ্রিলে ২৭টি এবং জানুয়ারিতে সবচেয়ে কম ১৫টি ঘটনা শনাক্ত করা হয়।

LENS ASIA

**গণমাধ্যমে ভুল সংবাদের পরিসংখ্যান**

জানুয়ারি-জুন ২০২৬

| ক্রমিক নং | গণমাধ্যমের নাম | ভুলের পরিমাণ |
|---|---|---|
| ১ | ইনকিলাব | ২১ |
| ২ | ইত্তেফাক | ১৯ |
| ৩ | যুগান্তর, বিডি২৪রিপোর্ট | ১৪ |
| ৪ | বাংলাদেশ টাইমস | ১৩ |
| ৫ | কালবেলা | ১২ |
| ৬ | রূপালী বাংলাদেশ | ১১ |
| ৭ | বৈশাখী টিভি, বার্তা বাজার। | ১০ |
| ৮ | যমুনা টিভি, একাত্তর টিভি, ডিবিসি নিউজ, মানবকণ্ঠ, সময়ের আলো। | ৯ |
| ৯ | সময় টিভি, বাংলাদেশ প্রতিদিন, এনপিবি নিউজ, বিডি টুডে। | ৮ |
| ১০ | চ্যানেল২৪, আমার দেশ, আজকের পত্রিকা, ডেইলি সান, খবরের কাগজ, ফেস দ্যা পিপল, দ্য ডেইলি ক্যাম্পাস, দ্য নিউজ, বাংলা টিভি, ঢাকা টাইমস, দৈনিক সকাল, ঢাকা টুডে। | ৭ |
| ১১ | স্টার নিউজ, মানবজমিন, মাছরাঙা টিভি, বাংলাভিশন, এশিয়া পোস্ট, এটিএন নিউজ, আমাদের সময়, ঢাকা মেইল, নাগরিক প্রতিদিন, বাহান্ন নিউজ। | ৬ |
| ১২ | দ্য ডেইলি স্টার, কালের কণ্ঠ, জাগোনিউজ২৪, দেশ টিভি, দেশ রূপান্তর, বাংলানিউজ২৪, মোহনা টিভি, ভোরের কাগজ, মিরর নিউজ, গণকণ্ঠ, জনবাণী, সোনালী নিউজ। | ৫ |
| ১৩ | সমকাল, জনকণ্ঠ, বিডিনিউজ২৪, গ্লোবাল টিভি, চ্যানেল আই, টাইমস অফ বাংলাদেশ, এনটিভি, এখন টিভি, টাইমস টুডে, নয়া দিগন্ত, এশিয়ান টিভি, ঠিকানা নিউজ, ঢাকা প্রকাশ, সারাবাংলা, সময়ের কণ্ঠস্বর, জুম বাংলা, আপন দেশ, দৈনিক শিক্ষা। | ৪ |
| ১৪ | আরটিভি, ইনডিপেনডেন্ট টিভি, একুশে টিভি, ঢাকা ট্রিবিউন, আগামীর সময়, ঢাকা পোস্ট, চ্যানেল ওয়ান, এটিএন বাংলা, নাগরিক টিভি, যায়যায়দিন (শফিক রেহমান), সংবাদ, প্রতিদিনের বাংলাদেশ, দৈনিক বাংলা, খোলা কাগজ, নিউজবাংলা২৪, আমার বার্তা, প্রতিদিনের সংবাদ, নিউজজি২৪, খবর সংযোগ, আমার সংবাদ, নিউজ নাউ বাংলা, কুমিল্লার কাগজ, ক্রিকফ্রেঞ্জি, জাগরণ নিউজ, নিউজনাউ২৪, ভিউজ বাংলাদেশ, অর্থসূচক, দ্যা ঢাকা ডায়েরি, বার্তা২৪, বাংলাদেশ বুলেটিন, রেডিও টুডে, ডেল্টা টাইমস, দৈনিক এদিন। | ৩ |
| ১৫ | ডেইলি অবজারভার, দ্য ফিনান্সিয়াল এক্সপ্রেস, বাংলা ট্রিবিউন, নিউজ২৪, এসএ টিভি, মাইটিভি, দৈনিক আমাদের সময়, বণিক বার্তা, টি স্পোর্টস, বিডিক্রিকটাইম, দীপ্ত টিভি, রেড টাইমস, আমাদের বার্তা, বাংলাদেশের খবর, রাইজিং বিডি, দূরবীন নিউজ, ডেইলি বাংলাদেশ, দৈনিক করতোয়া, দৈনিক সংগ্রাম, আলোকিত বাংলাদেশ, কর্পোরেট সংবাদ, নিরপেক্ষ, খেলা ৭১, ডিসকভার বাংলা, ভোরের পাতা, ভোরের ডাক, একুশে সংবাদ, প্রতিদিনের কাগজ, সকালের সময়, আজকালের খবর, পদ্মা নিউজ, ইনসাফ। | ২ |
| ১৬ | প্রথম আলো, বাংলাদেশ সংবাদ সংস্থা, বাংলাদেশ টেলিভিশন, দ্য বিজনেস স্ট্যান্ডার্ড, বিবিসি বাংলা, ডয়চে ভেলে, ইউএনবি, বাংলাদেশ বেতার, নিউ এজ, বাংলা স্ট্রিম, বিজয় টিভি, এশিয়ান টিভি, নয়া শতাব্দী, ক্যাম্পাস টাইমস, এশিয়ান টাইমস, আলাপ, বিডি২৪লাইভ, বিবার্তা২৪, এমটিনিউজ২৪, ডেইলি এশিয়ান এইজ, প্রবাস টাইম, প্রতিদিন খবর, নতুন সময়, দৈনিক এইদিন, বিডি মর্নিং, বায়ান্ন টিভি, সুখবর, ভোরের দর্পন, দৈনিক আজাদী, মিডফিল্ড ভিডিও, স্পোর্টসমেইল২৪, নিউ নেশন, বাংলাদেশ জার্নাল, প্রবাস জার্নাল, বাণিজ্য প্রতিদিন, বহুমাত্রিক, খুলনা গেজেট, ইত্তেহাদ নিউজ, ঢাকা এক্সপ্রেস, জনমত, দেশের পত্র। | ১ |

RUMORSCANNER
WWW.RUMORSCANNER.COM

## আন্তর্জাতিক বিষয়ে ভুল তথ্য বেশি

বিষয়ভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, গণমাধ্যমে সবচেয়ে বেশি ভুল তথ্য ছড়িয়েছে আন্তর্জাতিক ঘটনাবলি নিয়ে। এ ধরনের প্রতিবেদন শনাক্ত হয়েছে ৫৪টি। এরপর রাজনৈতিক বিষয়ে ৪১টি এবং জাতীয় ইস্যুতে ২৯টি ভুল তথ্যের ঘটনা পাওয়া গেছে।

এ ছাড়া খেলাধুলায় ১০টি, ধর্ম, বিনোদন ও শিক্ষা বিষয়ে তিনটি করে, স্বাস্থ্য খাতে দুটি এবং পরিবেশ ও জলবায়ু বিষয়ে একটি ভুল তথ্য শনাক্ত হয়েছে।

## ইরান-ইসরায়েল সংঘাতে গণমাধ্যমের ভুল তথ্য বেশি

রিউমর স্ক্যানারের হিসাবে, ২০২৬ সালের প্রথম ছয় মাসে দেশীয় ও আন্তর্জাতিক ৪৭টি আলোচিত ইস্যু ঘিরে মোট ১ হাজার ৪৬৭টি ভুল তথ্য শনাক্ত করা হয়েছে। এর মধ্যে ২৪টি ইস্যুতে গণমাধ্যমেও ভুল তথ্য প্রচারের প্রমাণ মিলেছে।

সবচেয়ে বেশি ভুল তথ্য শনাক্ত হয়েছে ইরান-ইসরায়েল সংঘাতকে কেন্দ্র করে। এই ইস্যুতে শনাক্ত ১৮০টি ভুল তথ্যের মধ্যে ২২টি গণমাধ্যমেও প্রচারিত হয়েছে। দেশের অভ্যন্তরীণ ঘটনাগুলোর মধ্যে ফেব্রুয়ারির জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে গণমাধ্যমে সবচেয়ে বেশি, ৯টি ভুল তথ্য শনাক্ত হয়েছে।


## লক্ষ্মীপুরের ঘটনায় ৬৭ গণমাধ্যমে ভুল তথ্য

চলতি বছরের প্রথম ছয় মাসে গণমাধ্যমে ছড়ানো ভুল তথ্যের মধ্যে লক্ষ্মীপুরের একটি ঘটনা ছিল সবচেয়ে আলোচিত। গত ২৫ জুনের ওই ঘটনায় অন্তত ৬৭টি মূলধারার গণমাধ্যমে নিহত এক নারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে উল্লেখ করা হয়। রিউমর স্ক্যানারের যাচাই অনুযায়ী, তিনি আদমজী ক্যান্টনমেন্ট কলেজের ২০২২-২৩ শিক্ষাবর্ষের বিজ্ঞান

বিভাগের শিক্ষার্থী ছিলেন এবং এইচএসসি পাস করলেও কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তি হননি।

### রাজনৈতিক দল ও ব্যক্তিরাও ভুল তথ্যের লক্ষ্যবস্তু

রাজনৈতিক দলগুলোর মধ্যে বিএনপি, এর অঙ্গসংগঠন ও নেতাকর্মীদের ঘিরে সবচেয়ে বেশি ২২টি ভুল তথ্য শনাক্ত হয়েছে। এর ৫০ শতাংশ ছিল ইতিবাচক বয়ানের। আওয়ামী লীগকে ঘিরে ৮টি ভুল তথ্যের ৮৭ শতাংশ, জামায়াতে ইসলামীকে নিয়ে ৫টির ৬০ শতাংশ এবং জাতীয় নাগরিক পার্টি বা এনসিপিকে নিয়ে ৩টির ৬৭ শতাংশ ছিল ইতিবাচক।



ইস্যুভিত্তিক অপতথ্য ও গণমাধ্যমের ভুল

জানুয়ারি-জুন ২০২৬

| ইস্যু | গণমাধ্যমে ভুল | সংশ্লিষ্ট গণমাধ্যমের নাম |
| --- | --- | --- |
| জাতীয় সংসদ নির্বাচন | ৯ | ইনকিলাব, ডিবিসি নিউজ, নাগরিক টিভি, ইত্তেফাক , সময়ের আলো, বিডিনিউজ২৪, জনকণ্ঠ, বৈশাখী টিভি, মোহনা টিভি, বাংলাদেশ টাইমস, গণকণ্ঠ (২), জাগরণ নিউজ, সোনালী নিউজ, আমার সংবাদ, দ্য মিরর, বিডি টুডে, রেড টাইমস, ঢাকা টুডে |
| ইনকিলাব মঞ্চের সাথে পুলিশের সংঘর্ষ | ২ | ইনকিলাব, জনকণ্ঠ, বার্তা বাজার, দেশের পত্র, আমার বার্তা |
| মন্ত্রিপরিষদ গঠন | ৩ | সময় টিভি, যুগান্তর (২), ইত্তেফাক , আমাদের সময়, সারাবাংলা, ভোরের পাতা, বার্তা বাজার, দৈনিক বাংলা, দৈনিক শিক্ষা, বিডি২৪লাইভ, ডেল্টা টাইমস (২), টাইম টেলিভিশন, এনপিবি নিউজ, টাইমস অফ বাংলাদেশ, জুম বাংলা (২), বাংলাদেশ টাইমস (২), দৈনিক এদিন, ডিসকভার বাংলা, ঢাকা পোস্ট, দেশ টিভি, ঢাকা টাইমস, বাংলাদেশ প্রতিদিন, আজকের পত্রিকা, সমকাল, সময়ের আলো, বণিক বার্তা, ডেইলি সান, বিজয় টিভি, ঠিকানা নিউজ, খোলা কাগজ, এশিয়ান টিভি, রূপালী বাংলাদেশ, দ্য ডেইলি ক্যাম্পাস, বার্তা বাজার, ইনসাফ, বার্তা২৪, রাইজিং বিডি, দৈনিক করতোয়া, জনবাণী, দৈনিক শিক্ষা, দৈনিক এদিন, আমাদের বার্তা, আমার বার্তা, আপন দেশ |
| ইরান-ইসরায়েল সংঘাত | ২২ | সময় টিভি (২), যুগান্তর (৪), কালবেলা (৩), ইত্তেফাক(৪), মানবজমিন (২), ইনকিলাব (২), ডিবিসি নিউজ (২), নাগরিক টিভি, আজকের পত্রিকা, চ্যানেল ওয়ান (৩), মাছরাঙা টিভি, দেশ রূপান্তর, বাংলাদেশ প্রতিদিন, সময়ের আলো, আমাদের সময় (২), দৈনিক আমাদের সময়, ফেস দ্যা পিপল (৩), মানবকণ্ঠ (২), এটিএন নিউজ, বাংলা টিভি, গ্লোবাল টিভি, বিডিনিউজ২৪, দেশ টিভি, এশিয়া পোস্ট, দৈনিক বাংলা, এসএ টিভি, বাংলাদেশ টাইমস, দ্য ডেইলি ক্যাম্পাস, দ্য নিউজ (২), সময়ের কণ্ঠস্বর, খবর সংযোগ (২), ঢাকা টাইমস (২), বার্তা বাজার (৩), নিউজবাংলা২৪, বাহান্ন নিউজ, জাগরণ নিউজ, বিডি২৪রিপোর্ট (৩), রূপালী বাংলাদেশ, সোনালী নিউজ, দৈনিক সকাল (৪), নাগরিক প্রতিদিন, ডেইলি বাংলাদেশ, প্রবাস টাইম, ঢাকা টুডে, বিডি টুডে (২), দ্যা ঢাকা ডায়েরি, আমার বার্তা, আপন দেশ, নিউজনাউ২৪ |
| জ্বালানী সংকট | ২ | কালবেলা, খবরের কাগজ, এশিয়া পোস্ট, ফেস দ্যা পিপল, মিরর নিউজ, বিডি২৪রিপোর্ট |
| বিধানসভা নির্বাচন | ৩ | ইনকিলাব (২), কালবেলা, আরটিভি, চ্যানেল আই, ডিবিসি নিউজ, আমার দেশ, এনটিভি, ইত্তেফাক , মানবজমিন, মাছরাঙা টিভি, এটিএন নিউজ, জাগোনিউজ২৪, সময়ের আলো, খবরের কাগজ, নয়া দিগন্ত, গ্লোবাল টিভি, এনপিবি নিউজ, দৈনিক সংগ্রাম, আলোকিত বাংলাদেশ, বাংলাদেশ বুলেটিন, বার্তা বাজার, বাংলা টিভি, আমার সংবাদ, টাইমস টুডে, ঢাকা প্রকাশ, বায়ান্ন টিভি, বাংলাদেশ টাইমস, জনবাণী, বিডি২৪রিপোর্ট, দ্য নিউজ, সুখবর, সারাবাংলা, দৈনিক সকাল |
| হাম | ২ | সময় টিভি, চ্যানেল২৪, আরটিভি, এনটিভি, একুশে টিভি, বাংলাভিশন, বৈশাখী টিভি, মোহনা টিভি, দীপ্ত টিভি, কালের কণ্ঠ, দেশ রূপান্তর, বাংলাদেশ প্রতিদিন, ইত্তেফাক , যায়যায়দিন, ডেইলি সান, মানবকণ্ঠ, খবর সংযোগ, ঢাকা ট্রিবিউন, ঢাকা টাইমস, ঢাকা মেইল, বণিক বার্তা, ভিউজ বাংলাদেশ, ঠিকানা নিউজ, এশিয়া পোস্ট, ফেস দ্যা পিপল, বিডি টুডে, সোনালী নিউজ, ভোরের দর্পণ, ভোরের ডাক, সংবাদ, রেডিওটুডে, জাস্ট নিউজ বিডি, লাস্ট নিউজ বিডি, এশিয়ান টিভি, আমার সংবাদ, দৈনিক শিক্ষা |
| ফুটবল বিশ্বকাপ | ৪ | দ্য ডেইলি স্টার, যমুনা টিভি, এশিয়া পোস্ট, মাছরাঙা টিভি, চ্যানেল২৪, স্টার নিউজ, টি স্পোর্টস, কালবেলা, কালের কণ্ঠ, বাংলাদেশ প্রতিদিন, এটিএন নিউজ, আমাদের সময়, ইত্তেফাক , সময়ের আলো (২), বাংলাদেশ টাইমস, এশিয়া পোস্ট, সময়ের কণ্ঠস্বর, ঢাকা মেইল, বাংলানিউজ২৪, বিডি২৪রিপোর্ট, ঠিকানা নিউজ, বাহান্ন নিউজ, টাইমস টুডে, ক্রিকফ্রেন্জি, ঢাকা টুডে, বিডিক্রিকটাইম, দ্য নিউজ, দ্য ডেইলি ক্যাম্পাস, কুমিল্লার কাগজ, খেলা ৭১, নিউজনাউ২৪, ডিসকভার বাংলা |
| আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী | ২ | যমুনা টিভি, নাগরিক প্রতিদিন |

RUMORSCANNER
WWW.RUMORSCANNER.COM

ব্যক্তিদের মধ্যে সবচেয়ে বেশি ভুল তথ্য ছড়ানো হয়েছে প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে। তাকে ঘিরে ৮টি ভুল তথ্য শনাক্ত হয়েছে, যার ৮৭ শতাংশ ইতিবাচক বয়ানের। এ ছাড়া শামীম ওসমানকে নিয়ে ৩টি ভুল তথ্যের সবগুলোই ইতিবাচক ছিল।

ড. মুহাম্মদ ইউনূসকে নিয়ে দুটি ভুল তথ্য শনাক্ত হয়েছে, দুটিই নেতিবাচক। হাসনাত আবদুল্লাহকে নিয়ে দুটি ভুল তথ্যের দুটিই ইতিবাচক এবং ফজলুর রহমানকে নিয়ে দুটি ভুল তথ্যের দুটিই নেতিবাচক ছিল। জুবাইদা রহমান ও জাইমা রহমানকে নিয়েও দুটি করে ভুল তথ্য শনাক্ত হয়েছে, যেগুলো সবই ইতিবাচক বয়ানের।

### ভুল তথ্য প্রচারে শীর্ষে ইনকিলাব

গণমাধ্যমভিত্তিক বিশ্লেষণে সবচেয়ে বেশি ভুল তথ্য প্রচারের তালিকায় শীর্ষে রয়েছে দৈনিক ইনকিলাব। পত্রিকাটির ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগমাধ্যমের প্ল্যাটফর্ম বিশ্লেষণ করে জানুয়ারি থেকে জুন পর্যন্ত ২১টি ভুল সংবাদ শনাক্ত করেছে রিউমর স্ক্যানার।

এসবের মধ্যে আন্তর্জাতিক বিষয়ে ৯টি, জাতীয় ইস্যুতে ৭টি, রাজনৈতিক বিষয়ে ৪টি এবং ধর্মীয় বিষয়ে একটি ভুল তথ্য ছিল। বিশ্লেষণে দেখা যায়, পাঁচটি প্রতিবেদনে পুরোনো ভিডিওকে সাম্প্রতিক ঘটনার সঙ্গে যুক্ত করা হয়েছে। তিনটি ক্ষেত্রে সাজানো বা স্ক্রিপ্টেড ভিডিওকে বাস্তব ঘটনা হিসেবে উপস্থাপন করা হয়। এ ছাড়া ছয়টি প্রতিবেদনে এআই-নির্মিত কনটেন্টকে বাস্তব হিসেবে প্রচার এবং অন্তত দুটি ভিডিওতে সাম্প্রদায়িক অপতথ্য ছড়ানোর প্রমাণ পাওয়া গেছে।

### রাষ্ট্রীয় ও বিদেশি গণমাধ্যমেও ভুল তথ্য

রিউমর স্ক্যানারের বিশ্লেষণে রাষ্ট্রীয় গণমাধ্যমেও ভুল তথ্যের নজির পাওয়া গেছে। বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) একটি করে প্রতিবেদনে ভুল তথ্য শনাক্ত হয়েছে।

বিদেশি গণমাধ্যমের বাংলা সংস্করণও এই তালিকার বাইরে নয়। প্রথম ছয় মাসে বিবিসি বাংলা ও ডয়চে ভেলের বাংলা বিভাগে একটি করে ভুল তথ্যসম্বলিত প্রতিবেদন শনাক্ত করেছে রিউমর স্ক্যানার।

### পুরোনো ভিডিও ও এআই কনটেন্ট বড় উৎস

গণমাধ্যমে প্রকাশিত ভুল তথ্যের উৎস বিশ্লেষণে সবচেয়ে বেশি দেখা গেছে পুরোনো ভিডিওকে নতুন ঘটনার সঙ্গে মিলিয়ে প্রচারের প্রবণতা। এ ধরনের ৩২টি ঘটনা শনাক্ত হয়েছে। এরপর এআই দিয়ে তৈরি কনটেন্টকে কেন্দ্র করে ২৭টি ভুল তথ্য পাওয়া গেছে।

এ ছাড়া ভুয়া মন্তব্যের ভিত্তিতে ৯টি, সাজানো বা স্ক্রিপ্টেড ঘটনার ৭টি, ভুয়া পেজ বা প্রোফাইলের তথ্য থেকে ৫টি এবং সার্কাজম পেজের কনটেন্টকে সত্য হিসেবে প্রকাশের ৪টি ঘটনা শনাক্ত হয়েছে। পাশাপাশি পুরোনো ছবি ও সাম্প্রদায়িক অপতথ্যের ৪টি করে, ডিপফেকের ২টি এবং পুরোনো বক্তব্যকে সাম্প্রতিক দাবি হিসেবে প্রচারের ২টি ঘটনাও পাওয়া গেছে।

রিউমর স্ক্যানারের বিশ্লেষণ বলছে, সামাজিক যোগাযোগমাধ্যম থেকে পাওয়া কনটেন্ট যথাযথভাবে যাচাই না করে সংবাদ হিসেবে প্রকাশ করা গণমাধ্যমে ভুল তথ্য ছড়িয়ে পড়ার অন্যতম বড় কারণ।

সূত্র: রিউমর স্ক্যানার